



মা দ ক দ্র ব্য নি য় ত্র ণ অ ধি দ গু র

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যাঃ ত্রয়োদশ

বর্ষঃ দ্বিতীয়

জানুয়ারি ২০০৬

## রাজধানীতে হেরোইন, মদ ও ফেনসিডিল উদ্ধার

গত ২ ডিসেম্বর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ টিম ঢাকা মহানগরীর রমনা থানাধীন মগবাজার ওয়্যারলেসগেট এলাকাস্থ শহীদ সেলিনা পারভীন সড়কে একটি প্রাইভেট কার থেকে ৪০৮ ক্যান বিয়ার ও ১৮ বোতল বিদেশী মদসহ মোঃ বাদশা মিয়া ও মোঃ রুহুল আমীনকে গ্রেফতার করে।

অন্যদিকে গত ৫ ডিসেম্বর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের কর্মকর্তারা গোপন সংবাদের ভিত্তিতে সবুজবাগ থানার গোপীবাগ সুইপার কলোনী সংলগ্ন জলালের রিকশা গ্যারেজের কালভার্টের নিচ থেকে ২৪০ বোতল ফেনসিডিলসহ সহিদ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে। অপর একটি দল উত্তরা থানার আব্দুল্লাপুরে নারায়ণগঞ্জগামী একটি বাস (নং পাবনা-জ-১১-০১১৫) থেকে বিশেষভাবে নির্মিত একটি খুড়ি থেকে ২৪৭ বোতল ফেনসিডিলসহ ৩ জনকে হাতেনাতে গ্রেফতার করে।

তাছাড়া অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের রেইডিং টিম গত ১৮ জানুয়ারি রাজধানীর খিলগাঁও থানাধীন ৩৭১/এ/১ নং খিলগাঁও থেকে ৩০(ত্রিশ) এ্যাম্পুল বনোজেনিক ইঞ্জেকশন (প্যাথেডিন) উদ্ধারপূর্বক এর সংগে জড়িত মাদক সন্ধানী তাজুল ইসলাম ওরফে তাজু (৪০) ও মোঃ আব্দুল আলী নামে দু'ব্যক্তিকে গ্রেফতার করা হয়। এছাড়াও ঢাকা গোয়েন্দা অঞ্চলের কর্মকর্তারা ২২ জানুয়ারি পৃথক পৃথক অভিযান চালিয়ে সবুজবাগ থানাধীন গোপীবাগ টিটি পাড়া ও শ্যামপুরের ধনিয়া থেকে ফেনসিডিল ও নগদ অর্থ উদ্ধার ও জব্দ করে। ঘটনার দিন বেলা ১২.৩০ ঘটিকার সময় সবুজবাগ থানাধীন টিটিপাড়া

সুইপার কলোনীতে ঝাটকা অভিযান চালিয়ে ৩২ বোতল কোডিন মিশ্রিত ফেনসিডিল ও ফেনসিডিল বিক্রিত নগদ ছয় হাজার দুইশত সত্তর টাকাসহ ফিরোজা বেগম (৩৫) ও বিদ্যাল সরকার (২৬) নামে দুই ব্যক্তিকে গ্রেফতার করে। একই দল শ্যামপুর থানাধীন ধনিয়া থেকে পাঁচ বোতল ফেনসিডিল উদ্ধার করে।



কুষ্টিয়ায় আটককৃত গাঁজার পাশে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

## ডিসেম্বর/০৫ মাসের আলামত ভিত্তিক মামলা ও আসামীর পরিসংখ্যান

ডিসেম্বর/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তদন্তী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতারে বেশ তৎপর ছিল। ডিসেম্বর/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৬২৬ টি এবং আসামীর সংখ্যা ৬৬৬ জন। জানুয়ারি/০৫ থেকে ডিসেম্বর/০৫ পর্যন্ত অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৭১৯৭ এবং আসামীর সংখ্যা ৮০৮৯ জন। অধিদপ্তরের ডিসেম্বর/০৫ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলো।

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	১১৮	১৩২	০.৮৭৭ কেজি
গাঁজা	১৮৮	১৯৫	১৫৫.০৫৩ কেজি
গাঁজা গাছ	১৯	২২	২০৪ টি
অবৈধ চোলাই মদ	১৬৩	১৬০	২১৮.২৫ লিটার
বিদেশী মদ	১৮	১৪	৩৮৩ বোতল
বিয়ার	২	৩	৪১৭ ক্যান
রেস্ট্রফাইড স্পিরিট	১০	১৪	৪১.১ লিটার
ডিনেচার্ড স্পিরিট	৫	৪	৩৬৮ লিটার
ফেনসিডিল	৭৬	৮৯	২২৬৪ বোতল
ফেনসিডিল			৩০.২ লিটার
তাড়ী(টোডি)	১৪	১৬	১১৩৯ বোতল
পেথিডিন	১	১	২ এ্যাম্পুল
টি.ডি.জেনেসিক ইঞ্জেকশন	৫	৭	৪১ এ্যাম্পুল
জাওয়া	৪	৪	২৮৭৮৫ লিটার
বাখার			৩.৫ কেজি
নিশাদল			২ কেজি
বনোজেনেসিক ইঞ্জেকশন	১	৪	৫৮ এ্যাম্পুল
মুলি	২	১	২৫০ পিচ
নগদ অর্থ			১৮৭৬০ টাকা
প্রাইভেট কার			১ টি
সিএনজি			৪ টি
মোবাইল সেট			৮ টি
মোট	৬২৬	৬৬৬	

## কুষ্টিয়া ও ঢাকার সাভার থেকে বিপুল পরিমাণ গাঁজা গাছ উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কুষ্টিয়া উপ-অঞ্চলের একটি বিশেষ স্কোয়াড গত ০৩ জানুয়ারি সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত জেলার ভেড়ামারা থানাধীন মহারাজপুর ও ফকিরাবাদ এলাকায় পুলিশের সহায়তায় অভিযান পরিচালনা করে বিশাল আকারের সর্বমোট ৬০০ (ছয়শত) টি গাঁজা গাছ উদ্ধার করেন। অবৈধ গাঁজা চাষাবাদ করার অপরাধে ৮(আট) টি থানায় চাষাবাদকারীদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। অন্যদিকে গত ১৫ ডিসেম্বর সকাল ৮.০০ ঘটিকায় ঢাকা উপ-অঞ্চলের ঢাকা সার্কেলের একটি রেইডিং টিম সাভার থানাধীন শ্যামলাসী বাহেরচর গ্রামস্থ মোঃ দুদু মিয়া (৫৫) এর নিজ দখলীয় বসতঘর ও বসতঘর সংলগ্ন আদিনায় অভিযান চালিয়ে লুজ গাঁজা আনুমানিক ৩(তিন) কেজি ও ৫০ (পঞ্চাশ) টি ছোট-বড় গাঁজা গাছ উদ্ধার করা হয়।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

ডিসেম্বর/০৫ মাসে ৪টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৩৪৩ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তর্গতভাগে ১০২ জন চিকিৎসা সেবা এবং বহির্গতভাগে ২৪১ জন চিকিৎসা সেবা সম্পর্কে পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। নিম্নে ডিসেম্বর/০৫ মাসে সরকারীভাবে প্রদত্ত চিকিৎসা সেবার একটি সারণি উপস্থাপন করা হলো।

কেন্দ্রের নাম	অন্তঃ বিভাগ	বহিঃ বিভাগ	মোট	নতুন	পুরাতন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা	৫৪	১৯০	২৪৪	১৪৩	১০১
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর	৩	৪৫	৪৮	৩৩	১৫
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী	৪৪	৫	৪৯	১৫	৩৪
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	১	১	২	২	-
মোট	১০২	২৪১	৩৪৩	১৯৩	১৫০

## সম্পাদকের কথা

মাদকাসক্তি সমসাময়িককালে বিশ্বমানবতার জন্য উগ্রবহতম অভিশাপ। মাদকের ধ্বংস ক্ষমতা পারমাণবিক বোমার চেয়েও উগ্রবহ ও সুদূরপ্রসারী। কেননা মাদক বিশ্ব সভ্যতার কোন নির্দিষ্ট স্থান নয়, সমগ্র বিশ্বকে তার বর্তমান ও অনাগত ভবিষ্যৎসহ তিল তিল করে ধ্বংস করে চলেছে। মাদকাসক্তির কারণে মানুষের শারীরিক, মানসিক ও আচরণগত ব্যাপক ক্ষতি হচ্ছে। মাদকাসক্তির কারণে সকল জনপদে চুরি, ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজী ও সম্ভ্রাস বেড়ে গিয়ে মানুষের জানমাল ও সামাজিক নিরাপত্তা বিলুপ্ত হচ্ছে এবং শান্তি শৃংখলা নষ্ট হচ্ছে। অধিকাংশ সামাজিক অপরাধের পিছনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে রয়েছে মাদকের অস্তিত্ব প্রভাব। এই অস্তিত্ব প্রভাব থেকে দেশ ও দেশের মানুষকে মুক্ত করতে হলে প্রয়োজন দেশে প্রচলিত আইনের পাশাপাশি ব্যাপক গণসচেতনতা। আর এ দুটি কাজই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ১৯৯০ সালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রতিষ্ঠার পর থেকে ২০০৪ সাল পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে সময়ে সময়ে পোস্টার, লিফলেট, স্টিকার, বিভিন্ন পুস্তিকা, ক্যালেন্ডার, স্মরণিকা ইত্যাদি প্রকাশ করে আসছে। তবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন তথ্যবলী নিয়মিত প্রচার ও ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত জানুয়ারি/০৫ হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি মাসিক বুলেটিন নিয়মিত প্রকাশ করে আসছে। হাটি হাটি পা পা করে বুলেটিনটি এবার দ্বিতীয় বর্ষে পদার্পণ করেছে বিধায় বুলেটিনটি যাদের সার্বিক প্রচেষ্টা ও সহযোগিতায় নিয়মিত প্রকাশ হচ্ছে তাঁদের সকলকে জানাই আন্তরিক মোবারকবাদ। সেইসাথে ধন্যবাদ জ্ঞাপন করছি বুলেটিনটির পাঠক সমাজকে। আগামীতে আরো ব্যাপক পরিসরে বুলেটিনটি পাঠকের হাতে তুলে দিতে পারবো বলে বিশ্বাস রাখি। সেই লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি এবং বুলেটিনটির উৎকর্ষতা বৃদ্ধিকল্পে যেকোন পরামর্শ ও উপদেশ পাঠানোর জন্য অনুরোধ করছি।

## আইন-আদালত

ডিসেম্বর/০৫ মাসে মোট ৮৭ টি মামলা নিষ্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ৪২ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ৪৫টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ৪৬ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ৪৯ জন। ডিসেম্বর/০৫ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৯৩০০ টি। নিম্নে ডিসেম্বর/০৫ পর্যন্ত বিভাগওয়ারী নিষ্পত্তি ও অনিষ্পত্তিকৃত মামলার একটি বিবরণী তুলে ধরা হলো।

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা	খালাসপ্রাপ্ত মামলার সংখ্যা	খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা	ডিসেম্বর/০৫ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা
১	ঢাকা বিভাগ	২৭	৩১	১১	১৪	১০৫৫৫
২	চট্টগ্রাম বিভাগ	২	১	২	২	৫৮৫৫
৩	রাজশাহী বিভাগ	১	১	৩	৪	৮২৭৪
৪	খুলনা বিভাগ	১১	১২	১৫	১৪	২৩২২
৫	বরিশাল বিভাগ	-	-	৬	৭	৩১৪
৬	সিলেট বিভাগ	১	১	৮	৮	১৯৮০
সর্বমোটঃ		৪২	৪৬	৪৫	৪৯	২৯৩০০

## শৌক সংবাদ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাবনা উপ-অঞ্চলের সিপাই জনাব আবদুল বাতেন গত ১০/১১/২০০৫ তারিখ রাত ১১.১০ ঘটিকায় ইন্ডেকাল করেন (ইন্না লিগ্নাহে ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। মরহম জনাব আবদুল বাতেন ২২/০১/১৯৫১ সালে টাংগাইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ৩১/০৩/১৯৮২ তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন।

## অবসর গ্রহণ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজশাহী উপ-অঞ্চল, যমুনা ডিষ্ট্রিক্টারী (নাটোর) এর তত্ত্বাবধায়ক জনাব মোঃ আব্দুর রশীদ মিয়া ৩১/১২/২০০৫ ইং তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) এ গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব মোঃ আব্দুর রশীদ মিয়া ৩১/১২/২০০৬ তারিখে সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।

## রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগওয়ারী ২০০৪ সালের ডিসেম্বর মাসের সাথে ২০০৫ সালের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

ক্র/নং	বিভাগের নাম	ডিসেম্বর/০৪	ডিসেম্বর/০৫
১।	ঢাকা বিভাগ	৩৬,৭১,৪৭২	৩৬,৬৩,৯৩৯
২।	চট্টগ্রাম বিভাগ	৪৬,১৯,৭১৩	৫৩,৪৮,২১৬
৩।	রাজশাহী বিভাগ	৩৪,৯৪,৬৫৫	৩২,৫৮,৮৪৫
৪।	খুলনা বিভাগ	১,৪২,১৭,১৬৬	১,৭৮,৪১,৮৮১
মোট		২,৬০,০৩,০০৬	৩,০১,১২,৮৮১

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।  
টেলিযোগাযোগঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।

## নিরোধ শিক্ষা কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ ডিসেম্বর/০৫ মোট ৫০৮ টি নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের আয়োজন করে। ডিসেম্বর/০৫ মাসের নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

১. শিক্ষাজন কর্মসূচী -	২৮ টি।
২. মাইকিং-	১৯ টি।
৩. প্রামাণ্য চিত্র/সিডি প্রদর্শন-	৬ টি।
৪. মাদকবিরোধী আলোচনা সভা-	৪২৬ টি।
৫. প্রশিক্ষণ কর্মসূচী-	৪ টি।
৬. অন্যান্য কর্মসূচী-	২৫ টি।



## খিলগাঁওয়ে হেরোইন উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গত ১০ ডিসেম্বর তারিখে ঢাকার খিলগাঁও এলাকায় অভিযান চালিয়ে ২২০ গ্রাম হেরোইন সহ মোসাম্মদ আসমা বেগম (পাশের ছবি) গ্রেফতার করে।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক ডিসেম্বর/০৫ মাসের মামলার পরিসংখ্যানঃ

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	৮৭	৮৯
২	ঢাকা উপ-অঞ্চল	৪৮	৫৫
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৩৫	৩০
৪	ফরিদপুর উপ-অঞ্চল	১৭	১৬
৫	টাংগাইল উপ-অঞ্চল	৯	৯
৬	জামালপুর উপ-অঞ্চল	১০	১৩
৭	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	৪২	৪১
৮	চট্টগ্রাম উপ-অঞ্চল	১৫	১৪
৯	সিলেট উপ-অঞ্চল	৪১	৪০
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১৪	১৪
১১	কুমিল্লা উপ-অঞ্চল	২৭	২৭
১২	কক্সবাজার উপ-অঞ্চল	৪	৩
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	২	১
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	৩	-
১৫	বান্দরবান উপ-অঞ্চল	৩	১
১৬	খুলনা উপ-অঞ্চল	৩১	৩২
১৭	যশোর উপ-অঞ্চল	২৮	৩২
১৮	কুষ্টিয়া উপ-অঞ্চল	১৩	১৩
১৯	বরিশাল উপ-অঞ্চল	২	২
২০	পটুয়াখালী উপ-অঞ্চল	৩	৩
২১	রাজশাহী উপ-অঞ্চল	৬০	৭১
২২	পাবনা উপ-অঞ্চল	২৩	২৪
২৩	বগুড়া উপ-অঞ্চল	১৯	১৯
২৪	রংপুর উপ-অঞ্চল	৩৫	৪৩
২৫	দিনাজপুর উপ-অঞ্চল	২৪	৩১
২৬	ঢাকা গোয়েন্দা অঞ্চল	১৩	২২
২৭	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	৮	৯
২৮	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৯	১০
২৯	খুলনা গোয়েন্দা অঞ্চল	১	২
সর্বমোটঃ		৬২৬	৬৬৬